



ঢাকা বিশ্ববিদ্যালয় অতি জরুরী বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০, ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের বোর্ডবৃত্তি প্রাপ্ত এবং ২০১৭ ও ২০১৮ সনের অনার্স পরীক্ষার ফলাফলের উপর বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যাদের Bounced Back (ব্যাংক একাউন্টের তথ্য ভুল)-এর কারণে বৃত্তির টাকা পায়নি (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত) তাদের তথ্য সংশোধন করতে হবে। সংযুক্ত ফাইলে উল্লেখিত সনের বোর্ড বৃত্তি এবং অনার্স বৃত্তি প্রাপ্ত Bounced Back-কৃত শিক্ষার্থীদের তালিকা দেয়া হলো। উক্ত শিক্ষার্থীরা তাদের ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর, জেলা, পরীক্ষার সালসহ বিভিন্ন তথ্য পুনরায় সঠিক ভাবে পূরণ করতে হবে।

সংযুক্ত তালিকা অনুযায়ী যে সকল শিক্ষার্থীদের ব্যাংক একাউন্টের তথ্য ভুলের (Bounced Back) কারণে বৃত্তির টাকা শিক্ষার্থীর ব্যাংক একাউন্টে জমা হয়নি (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত) সে সকল শিক্ষার্থীরা আগামী ০৩/১১/২০২১ তারিখ (সকাল-৮:০০টা) থেকে ০৫/১১/২০২১ তারিখ (রাত-১২:০০টা) পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় বৃত্তির ওয়েব সাইটে (<https://studentscholarship.du.ac.bd/>) গিয়ে অনলাইনে তথ্য সংশোধন করতে পারবে। অনলাইনে তথ্য সংশোধনের বিস্তারিত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে উল্লেখ রয়েছে।

উল্লেখ্য, উক্ত তারিখের মধ্যে সংশোধিত তথ্য নিভুলভাবে পূরণ না হলে শিক্ষার্থীরা বৃত্তির টাকা পাবে না। সেক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন দায়ভার গ্রহণ করবে না। সুতরাং বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় তথ্যসমূহ সংশোধন করার জন্য নির্দেশনা দেয়া হলো। মন্ত্রণালয়ের অনলাইন বৃত্তি হওয়ায় ওয়েবসাইটে নির্ধারিত তারিখের পরে সংশোধনী প্রক্রিয়া বন্ধ হয়ে যায় বিধায় কারো কিছু করণীয় থাকে না।

শিক্ষার্থীদের তথ্যের ভুল সংশোধনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয়:

- ১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে /১৮ বছরের কম শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে।
- ২। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে তথ্যাদি সংশোধনের ক্ষেত্রে শিক্ষার্থীদের নামের স্থলে উভয়ের নাম এন্ট্রি করতে হবে।
- ৩। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।
- ৪। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নিভুলভাবে পূরণ করতে হবে।
- ৫। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন ও প্রাপ্ত CGPA সঠিক ভাবে পূরণ করতে হবে।
- ৬। বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৭। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।

অনলাইন সংশোধন সংক্রান্ত সমস্যা হলে যোগাযোগের জন্য- ০১৫৭১২৯৭৩৪২।

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/২৬৫৭৪-সি

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৬। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্বাক্ষরিত/-

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ১৭/০৭/১৪২৮ বঙ্গাব্দ
০২/১১/২০২১ খ্রিঃ

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়।